# লিনআক্সে গেমিং নিয়ে চলছে জোরালো প্রস্তুতি

মো: আমিনুল ইসলাম সজীব

লিনআক্স কার্নেলের ওপর ভিত্তি করে তৈরি অপারেটিং সিস্টেম উবুন্টুর জনপ্রিয়তা দিনে দিনে বেড়েই চলেছে। স্বাভাবিক দৈনন্দিন কাজকর্মের পাশাপাশি অফিসের প্রয়োজনেও উবুন্টুর ব্যবহার বাড়ছে। গত জুনে প্রকাশিত এক প্রতিবেদনে দেখা গেছে, পাশের দেশ ভারতে ২০১১ সালে ব্যক্তিগত ও ব্যবসায়িক কাজে উবুন্টু ব্যবহারের হার বেড়েছে ১৬০ শতাংশ। এ থেকেই বোঝা যায়, যেখানে উইন্ডোজের কাজ উবুন্টু দিয়েও করা সম্ভব, সেখানে অবৈধভাবে উইন্ডোজ ব্যবহার বা খরচ করে উইন্ডোজ সফটওয়্যার কেনার প্রবণতা কমে আসছে। তবে গেমিং ক্ষেত্রে এতদিন উবুন্টু বেশ পিছিয়ে ছিল।

ব্রাউজারভিত্তিক যেসব গেম রয়েছে, সেগুলো খেলার জন্য সাধারণত কমপিউটারে জাভা কিংবা ফ্ল্যাশ প্লেয়ার থাকলেই চলে। কিছু কিছু গেম জাভা রানটাইম এনভায়রনমেন্টে চলে, আর কিছু গেম ফ্ল্যাশ প্লেয়ারে চলে। উবুন্টু ইনস্টলের পর সফটওয়্যার সেন্টার থেকে রেস্ট্রিক্টেড এক্সট্রাস ডাউনলোড করে নিলেই এসব ডাউনলোড হয়ে যায়। কিন্তু ব্রাউজারভিত্তিক গেম খুবই ছোট আকারের ও লো গ্রাফিক্সের হয়ে থাকে। যদি আপনি কল অব ডিউটি বা কাউন্টার স্ট্রাইক গেমার হয়ে থাকেন, তাহলে ব্রাউজার গেম দিয়ে আপনার গেমিং চাহিদা পোষাবে না এটাই স্বাভাবিক। আর এ জন্যই গেমারদের মধ্যে মোটেই সাড়া জাগাতে পারেনি লিনআক্সভিত্তিক উবুন্টু ও এর বিভিন্ন ভেরিয়েন্ট।



উবুন্টুতে গেম খেলার একাধিক পদ্ধতি রয়েছে। ওয়াইন নামে একটি প্রোগ্রাম রয়েছে, যা উবুন্টুর ভেতরেই উইন্ডোজের একটি লেয়ার বা এনভায়রনমেন্ট তৈরি করে। এই লেয়ারে উইন্ডোজের বিভিন্ন প্রোগ্রাম সাধারণত কাজ করে থাকে। মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট ইত্যাদি সফটওয়্যারের পাশাপাশি কিছু গেমও চালানো যায় ওয়াইন দিয়ে। কিন্তু সবসময় নিখুঁত পারফরম্যান্স পাওয়া যায় না। এছাড়া যেসব গেমে বাড়তি গ্রাফিক্স কার্ডের প্রয়োজন হয়, সেসব গেমও ওয়াইনে খুব একটা ভালো পারফরম্যান্স দেয় না।

এসব সমস্যার জন্য প্লে অন লিনআক্স নামে আরেকটি অ্যাপ্লিকেশন রয়েছে যেটি ইনস্টল করে লিনআক্সে গেম খেলা যায়। মূলত আসল গেমটি ইনস্টল করার সময় প্লে অন লিনআক্স দিয়ে ইনস্টল করলে গেমগুলো খেলা যায়। কিন্তু এক্ষেত্রেও দেখা গেছে, কেউ কেউ ভালো পারফরম্যান্স পাচ্ছেন, আবার কারো কারো কমপিউটারে গেম আটকে যাচ্ছে। এসব সমস্যার জন্য গেমারেরা অনেক দিন ধরেই আশা করছিলেন গেম নির্মাতারাই লিনআক্সের জন্য আলাদা সংস্করণ কিংবা ড্রাইভার বের করবেন। কিন্তু লিনআক্সের বাজার তুলনামূলক কম হওয়ায় তেমন একটা আশানুরূপ সাড়া পাওয়া যায়নি।

তবে সম্প্রতি একাধিক গেম ডেভেলপার কোম্পানি লিনআক্সের জন্য ড্রাইভার তৈরি করতে উদ্যোগী হয়েছে বলে জানা গেছে। বিশেষ করে দুই মহারথী ইলেকট্রনিক আর্টস (ইএ) এবং ভালভ লিনআক্স নিয়ে কাজ করতে শুরু করেছে। গত আগস্টে দি রেজিস্টার নামে একটি সংবাদমাধ্যম জানায়, ভালভ তাদের জনপ্রিয় গেম লেফট ৪ ডেড ২ সফলভাবে লিনআক্সে পোর্ট করেছে। কিন্তু তারচেয়ে অবাক করা খবর ছিল এই, লেফট ৪ ডেড ২ গেমটি উইন্ডোজের চেয়ে ভালো পারফরম্যান্স দিয়েছে উন্মুক্ত সোর্স ও ফ্রি অপারেটিং সিস্টেম লিনআক্সে। ভালভের লিনআক্স টিম জানিয়েছে, তারা উচ্চ কনফিগারেশনের হার্ডওয়্যার সমৃদ্ধ উবুন্টু ১২.০৪ অপারেটিং সিস্টেমে গেমটি চালিয়ে ফ্রেম পার সেকেন্ড পেয়েছে ৩১৫। অন্যদিকে একই হার্ডওয়্যার কনফিগারেশনের উইন্ডোজ অপারেটিং সিস্টেমে ফ্রেমরেট ছিল সেকেন্ডে ২৭০.৬। অর্থাৎ লিনআক্সে গেমের পারফরম্যান্স ছিল উইন্ডোজের চেয়ে ১৬ শতাংশ বেশি। এই প্রতিবেদন প্রকাশের পর থেকেই ভালভ তাদের গেম লিনআক্সে পোর্ট করার জন্য কাজে লেগে গেছে। আর লিনআক্সপ্রেমীদের মধ্যেও বেশ সাড়া জাগিয়েছে এই খবর। বিশেষ করে যারা শুধু গেমিংয়ের জন্য লিনআক্সে যেতে পারছেন না।

তবে লিনআক্স টিম প্রথমবার যখন গেমটি লিনআক্সে চালায়, তখন ফ্রেমরেট ছিল মাত্র ৬। লিনআক্সের কিছু কোড ভিডিও কার্ডের জন্য অপটিমাইজ করার পরপরই উইন্ডোজকেও ছাড়িয়ে যায় লিনআক্সের পারফরম্যান্স। টিম আরও জানিয়েছে, তারা ওপেনজিএল নামের ক্রস-প্লাটফর্ম গ্রাফিক্স এপিআইয়ের ক্ষমতা দেখে অবাক হয়েছে। এটি উন্মুক্ত কোডের গ্রাফিক্স অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস হওয়ায় তারা নিজেদের মতো করে অপটিমাইজ করে নিয়েছে কোডটি। সাধারণত উইন্ডোজে লেফট ৪ ডেড ২ গেমটি চলে ডিরেক্টথ্রিডি-তে যেটি মাইক্রোসফটের নিজস্ব ও প্রোপাইটরি থ্রিডি গ্রাফিক্স এপিআই। ভালভের ডেভেলপারেরা লিনআক্সের ওপেনজিএল কোড নিয়ে উইন্ডোজের জন্য কাস্টোমাইজ করে নেন। এরপর দেখা গেছে, উইন্ডোজেও পারফরম্যান্স বেড়ে গেছে। আগে যেখানে মাইক্রোসফটের ডিরেক্টথ্রিডি ব্যবহার করে সেকেন্ডে ২৭০.৬ ফ্রেমরেট পাওয়া গেছে, সেখানে একই উইন্ডোজে লিনআক্স থেকে ধার করা ওপেনজিএল ব্যবহার করে সেকেন্ডে ৩০৫ ফ্রেমরেট পাওয়া গেছে, যদিও তা লিনআক্সের তুলনায় কম।

এই সাফল্যের পর ভালভের সহ-প্রতিষ্ঠাতা গেব নেওয়েল বলেন, তিনি ভালভের স্টিমে থাকা ২৫০০ গেমের সবই লিনআক্সে আনতে চান। আর সেই লক্ষ্যে ভালভ কাজ শুরু করেছে বলেও একাধিক সূত্রে জানা গেছে।

বিভিন্ন গেম লিনআক্সে আনার জন্য ড্রাইভার ও প্রয়োজনীয় প্যাকেজ তৈরির লক্ষ্যেও কাজ শুরু করেছে একাধিক প্রতিষ্ঠান। উবুন্টুর পেছনের প্রতিষ্ঠান ক্যানোনিক্যালও এনভিডিয়া ও ইন্টেলের সাথে কাজ শুরু করেছে। ক্যানোনিক্যালের কর্মকর্তা ক্রাইস হ্যারিংটন সম্প্রতি জানিয়েছেন, উবুন্টু ১২.০৪-এ বিভিন্ন গেম পোর্ট করা ও গেম খেলা সহজ করার জন্য তারা কাজ করে যাচ্ছেন। গেমাররা খুব শিগগিরই উবুন্টুর 'অ্যাডিশনাল হার্ডওয়্যার' ডায়ালগ বক্স থেকে এনভিডিয়ার পরীক্ষামূলক প্যাকেজ ডাউনলোড করতে পারবেন, যেগুলো তাদের পিসিতে থাকা এনভিডিয়া গ্রাফিক্স কার্ডকে লিনআক্সের জন্য উপযোগী করে তুলবে। ফলে লিনআক্স সংস্করণের গেমগুলো মুক্তি দেয়া হলে (পোর্ট) গেমারেরা সহজেই লিনআক্সে গেমগুলো উপভোগ করতে পারবেন।

এনভিডিয়ার পাশাপাশি এএমডির এফজিএলআরএক্স বেটার ড্রাইভারও একই পদ্ধতিতে উবুন্টুর জন্য মুক্তি দেয়া হবে বলে জানিয়েছেন ক্রাইস। আর ইন্টেল তাদের পিপিএ'র মাধ্যমে লিনআক্সের উপযোগী ড্রাইভার সরবরাহ করবে বলে জানা গেছে।

বিভিন্ন কোম্পানির এসব উদ্যোগের পাশাপাশি ক্যানোনিক্যাল নতুন একটি কার্নেল ফিক্স রিলিজ করেছে, যা ওপেনজিএলের ৩.০ সংস্করণটি আইভি ব্রিজ প্রসেসরের কমপিউটারে কাজ করতে সাহায্য করে। সব মিলিয়ে একাধিক প্রতিষ্ঠান এখন উবুন্টু ১২.০৪ সংস্করণে গেমারদের দারুণ গেমিং অভিজ্ঞতা দিতে কাজ করে যাচ্ছে। তাই খুব শিগগিরই গেমারেরা আরও ভালো পারফরম্যান্সের জন্য লিনআক্স, বিশেষ করে উবুন্টুর দিকে এগিয়ে আসবেন বলে আশা প্রকাশ করেছে ক্যানোনিক্যাল।

ফিডব্যাক : sajib@androidkathon.com